



জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ, পূর্ব বর্ধমান

নেতাজী ভবন, কাছারী রোড, পোঃ বর্ধমান, জেলা - পূর্ব বর্ধমান

☎ 0342 2662372, 2662371 ই-মেল : dpscburdwan@gmail.com ওয়েবসাইট : dpscburdwan.com

নং- ৩৫২

তারিখ - ০৯/০২/২০২৬

বিজ্ঞপ্তি

পূর্ব বর্ধমান জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদের অধীন সমস্ত প্রাথমিক শিক্ষক/শিক্ষিকা, কর্মচারী সকলের অবগতির জন্য কয়েকটি জরুরী বিষয় নিম্নে উল্লেখ করা হলো:-

১) বিগত অর্থবর্ষের ইনকাম ট্যাক্সের ব্যাপারে কোন সমস্যা, ট্যাক্স, ফর্ম-১৬ ইত্যাদি কোন সমস্যা থাকলে ১০ই মার্চ, ২০২৬ তারিখের মধ্যে অফিসের ইনকাম ট্যাক্সের দায়িত্বপ্রাপ্ত কর্মচারী মুন্সী শওকত আলীর কাছে লিখিত জমা দেওয়ার অনুরোধ করা হচ্ছে। ১০ই মার্চ, ২০২৬ তারিখের পর কোন আবেদন জমা নেওয়া হবে না। কারণ ৩১শে মার্চ-২৬ এর পর আর পুনরানো কোন কাবেকশন অফিস করতে পারবে না।

২) সকলকে কঠোরভাবে জানানো যাচ্ছে যে, স্যালারী থেকে প্রাপ্ত আয়ের আয়কর (Income Tax) অফিসের মাধ্যমে সরকারী খাতে জমা দেওয়া প্রয়োজন। এ বিষয়ে অনেকে অফিসে ট্যাক্স না কেটে নিজেরা জমা দিয়েছেন। সে বিষয়ে আয়কর বিভাগ কর্তৃক নোটিস ও অর্থদণ্ড হলে সম্পূর্ণ দায় সংশ্লিষ্ট কর্মচারীর নিজের ওপর বর্তাবে।

৩) সকলকে কঠোরভাবে জানানো যাচ্ছে যে, যেসব শিক্ষক/শিক্ষিকা এখনও PAN নম্বর জমা দেননি অথবা যাদের PAN Inoperative (Aadhaar-PAN লিঙ্ক না থাকার কারণে) অবস্থায় রয়েছে, তাঁদের ক্ষেত্রে আয়কর আইন অনুযায়ী জরিমানা (Fine) আরোপযোগ্য। PAN Inoperative থাকলে ইনকাম ট্যাক্স রিটার্ন দাখিল করা যাবে না, TDS বেশি হারে (আইন অনুযায়ী সর্বোচ্চ ২০% অথবা নির্ধারিত উচ্চ হারে TDS কর্তনযোগ্য) কাটা হবে, এবং আয়কর বিভাগ কর্তৃক নোটিস ও অর্থদণ্ড আরোপের সম্পূর্ণ সম্ভাবনা রয়েছে। এই কারণে উদ্ভূত যেকোনো আর্থিক ক্ষতি, জরিমানা বা আইনি জটিলতার জন্য সম্পূর্ণ দায় সংশ্লিষ্ট কর্মচারীর নিজের ওপর বর্তাবে। অতএব অবিলম্বে PAN নম্বর জমা দেওয়া এবং Aadhaar-PAN লিঙ্ক করে PAN সক্রিয় করার জন্য অবশ্যই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে—এটি বাধ্যতামূলক।

৪) গত অর্থবর্ষে ৮০ (আশি) জন শিক্ষক/শিক্ষিকাদের প্যান IN-OPERATIVE (প্যান-আধার লিঙ্ক নেই) ছিল তাদের প্যান, আধার এবং আধারলিঙ্কের প্রমাণপত্র জমা দেওয়ার নির্দেশ দেওয়া হচ্ছে।

৫) আইন অনুযায়ী উদ্ভূত যেকোনো দায় সংশ্লিষ্ট কর্মচারীর নিজের ওপর বর্তাবে।

৬) নতুন শিক্ষক/শিক্ষিকার বেতন শুরুর প্রথমেই প্যান-আধার লিঙ্কের প্রমাণপত্র জমা দেওয়ার নির্দেশ দেওয়া হচ্ছে।

৭) অর্থবর্ষ ২০২৫-২৬ (Assessment Year 2026-27) এরজন্য নতুন কর ব্যবস্থা (New Tax Regime) ডিফল্ট হিসেবে কার্যকর রয়েছে। নতুন কর ব্যবস্থায় (New Tax Regime গ্রহণ সাপেক্ষে) ধারা 87A অনুযায়ী ₹১২ লক্ষ পর্যন্ত মোট আয় হলে সম্পূর্ণ কর মুক্ত (Tax Free) প্রযোজ্য এবং বেতনভোগী কর্মচারীদের ক্ষেত্রে ₹৭৫,০০০ স্ট্যান্ডার্ড ডিডাকশনসহ মোট আয় ₹১২.৭৫ লক্ষ পর্যন্ত হলে করদায় শূন্য হবে।


পাতা-১/২

৮) যেহেতু শিক্ষক/শিক্ষিকাদের বেতন মোট আয়ের কম থাকছে, সেজন্য এবার কারও SALARY STATEMENT এবং DECLARATION FORMAT - নেওয়ার প্রয়োজন হচ্ছে না। উপলব্ধ তথ্যের ভিত্তিতে অফিস থেকে প্রয়োজনীয় ফর্ম প্রস্তুত করে Form-16 প্রদান করা হবে। শুধুমাত্র যদি কোন ভুল থাকে তাহলে অফিসকে জানালেই হবে। তবে অফিসের ওয়েবসাইটে (<https://dpscburdwan.com>) ফাঁকা ফর্ম দেওয়া আছে। মনে করলে পূরণ করে নিজের কাছে রাখতে পারেন পরে মিলিয়ে নেওয়ার ক্ষেত্রে সুবিধা হবে।

৯) ১লা এপ্রিল, ২০২৬ থেকে ইনকাম ট্যাক্সের অনেক নিয়ম পরিবর্তন হচ্ছে। সেগুলি সকলকে নজর রাখার জন্য অনুরোধ করা হচ্ছে।

তবে আয় বা অন্যান্য শর্ত সত্ত্বেও নির্ধারিত সময়ের মধ্যে আয়কর আইন অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে ইনকাম ট্যাক্স রিটার্ন (IT Return) দাখিল করা বাধ্যতামূলক। ইনকাম ট্যাক্স রিটার্ন সময়মতো দাখিল না করলে নিম্নলিখিত সমস্যার সম্মুখীন হতে হতে পারে — ক) ইনকাম ট্যাক্স বিভাগ কর্তৃক জরিমানা (Late Fine) আরোপ, খ) ভবিষ্যতে লোন, ভিসা, পাসপোর্ট ইত্যাদি ক্ষেত্রে সমস্যা, গ) আয়কর নোটিস পাওয়ার সম্ভাবনা।

অতএব বিষয়টিকে অত্যন্ত জরুরি ও বাধ্যতামূলক হিসেবে বিবেচনা করে অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশ দেওয়া হলো



সভাপতি

জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ,


পূর্ব বর্ধমান।

নং- ৩৫২/১ (১০৪০০)

তারিখ ০৯/০২/২০২৬

জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় পদক্ষেপগ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো -

- ১) সচিব, জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ, বর্ধমান।
- ২) বিত্ত আধিকারিক, জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ, বর্ধমান।
- ৩) অতিরিক্ত বিদ্যালয় পরিদর্শক (সকল), পূর্ব বর্ধমান।
- ৪) প্রধান সহায়ক, জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ, বর্ধমান।
- ৫) এক্যাউন্ট্যান্ট, জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ, বর্ধমান।
- ৬) সকল বিল-ইনচার্জ, বিল কোর্ডিনেটর ও বিল সহায়ক, জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ, বর্ধমান।
- ৭) সকল প্রাথমিক শিক্ষক/শিক্ষিকা/কর্মী, জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ, বর্ধমান।



সভাপতি

জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ, পূর্ব বর্ধমান।